

NYC শিশু সহায়ক ঋণ পরিশোধ করুন। দ্বিগুণ দ্রুততায়।

PAY IT OFF

17 – 31 অক্টোবর, 2022



NYC সামাজিক পরিষেবা বিভাগ (DSS)-এর কাছে 16 মিলিয়ন ডলারের ঋণ কমাতে 3,000 এরও বেশি নন-কাস্টোডিয়াল পিতামাতা Pay It Off (PIO) প্রোগ্রামে অংশগ্রহণ করেছেন। কেস প্রতি গড়ে ঋণ হ্রাস হওয়ার পরিমাণ \$5,558।

আমরা আপনার কতটুকু ঋণ হ্রাস করতে পারি? জানতে এখনই পদক্ষেপ নিন।

ধাপ 1 একটি চুক্তি স্বাক্ষর করুন

17-31 অক্টোবরের মধ্যে চুক্তি সম্পূর্ণ এবং স্বাক্ষর করে ইমেলের মাধ্যমে, ডাকযোগে বা সশরীরে উপস্থিত হয়ে জমা দিন। ক্রেডিট পাওয়ার জন্য প্রতিটি কেসের জন্য একটি পৃথক চুক্তিপত্র প্রয়োজন।

ইমেইল: dcse.cseweb@dfa.state.ny.us, বিষয় হিসাবে লিখুন "Pay It Off"

ডাকযোগে:

OCSS – Pay It Off
PO Box 830
Canal Street Station
New York, NY 10013

সশরীরে:

OCSS গ্রাহক পরিষেবা ওয়াক-ইন সেন্টার
151 West Broadway, 4th Floor
New York, NY 10013
কাজের সময়: সোম – শুক্র, সকাল 8টা - সন্ধ্যা 7টা (ছুটির দিন এবং সপ্তাহের শেষের দিনগুলি বাদ দিয়ে)



চুক্তিপত্র
ডাউনলোড
করুন

ধাপ 2 একটি বা একাধিক পেমেন্ট করুন

- 17-31 অক্টোবরের মধ্যে Pay It Off এর জন্য \$500 বা তার বেশি **একটি পেমেন্ট করুন**। ক্রেডিট পাওয়ার জন্য পেমেন্ট অবশ্যই 31 অক্টোবর, 2022-এর মধ্যে গৃহীত হতে হবে এবং আপনার আদালতের আদেশকৃত বর্তমান সহায়তার বাধ্যবাধকতার মোট পরিমাণ যা অক্টোবর মাসে বকেয়া আছে তা অবশ্যই প্রথমে পরিশোধ করতে হবে এবং তা মেলানো হবে না।
- অর্থপ্রদান চুক্তিপত্রের সাথে একত্রে করতে হবে। চুক্তিপত্রটি আলাদাভাবে জমা দিলে, কখন এবং কীভাবে পেমেন্ট জমা দেওয়া হবে তা জানান।
- একাধিক কেসের ক্ষেত্রে, প্রতি কেসের জন্য একটি পৃথক পেমেন্ট জমা করুন।
- "NYS Child Support Processing Center" এর অনুকূলে পেমেন্ট করুন।
- আপনার পেমেন্টের সাথে কেস আইডি অন্তর্ভুক্ত করুন এবং "Pay It Off" সূচিত করুন



পেমেন্ট পদ্ধতি

ধাপ 3 আপনার যোগ্য পেমেন্ট ডলার-ফর-ডলার ম্যাচ লাভ করুন

চুক্তিপত্র এবং পেমেন্ট পাওয়ার 4 থেকে 5 সপ্তাহ পরে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তার একটি সারসংক্ষেপ OCSS আপনাকে পাঠাবে।

ধাপ 4 আপনার ঋণ আরও কম করুন

এরিয়ার্স ক্রেডিট প্রোগ্রাম (ARREARS CREDIT PROGRAM, ACP) এ সাইন আপ করুন

PIO এর সময়কালে ACP-এর জন্য আবেদন করে এককালীন \$1,000 ঋণ হ্রাস করুন।

আদালতের আদেশকৃত আপনার মাসিক বাধ্যবাধকতা পরিশোধ করুন এবং 12 মাসের শেষে আপনার DSS ঋণ থেকে \$5,000 এর ছাড় পান। তিন বছরের জন্য প্রোগ্রামটিতে থাকুন এবং আপনার DSS এর ঋণ থেকে মোট \$15,000 এর ছাড় পান। nyc.gov/ocss-debt-reduction এ বিস্তারিত দেখুন।

মানি জাজমেন্ট সুদ:

আপনি যদি NYC DSS-কে আপনার মানি জাজমেন্টে থাকা প্রদেয় মূল অর্থ পরিশোধ করে দেন, তাহলে আপনার সুদ বাদ দেওয়া হবে।



কতটা ঋণ কমানো যেতে পারে তার একটি উদাহরণ দেখুন এবং আরও জানুন nyc.gov/payitoff-এ।

আপনার ঋণ কম করার এই সুযোগ হাতছাড়া করবেন না!

কোনও প্রশ্ন আছে? ইমেইল করুন dcse.cseweb@dfa.state.ny.us-এ, বিষয় হিসাবে লিখুন "Pay It Off" FLY-960 – সংস্করণ 9/12/2022